সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে পৌষ বুধবার, ১৩৭২ ইং 12th Jan. 1966 { ৩৩শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seav

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO.

খাস জনতা
কেরোসিন কুকার
সময়ে বাঁচায় ও বিপুলতা আনয়ে।
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন
শিবদুর্গা বস্ত্রালয়
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে পৌষ বুধবার সন ১৩৭২ সাল।

# পরলোকে ভারতের প্রধানমন্ত্রী

## শ্রীলালবাহাদুর শাস্ত্রী

গত ১০ই জানুয়ারী মধ্যরাত্রের পর সোভিয়েট রাশিয়ার তাসখন্দে ভারতের প্রধানমন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী হৃদ-রোগে আক্রান্ত হয়ে কয়েক মিনিটের মধ্যে মারা গিয়াছেন।

সোভিয়েট রাশিয়ার আমন্ত্রণে শ্রীশাস্ত্রী তাসখন্দে গিয়েছিলেন পাকিস্তান প্রেসি-ডেন্ট আয়ুব খাঁর সঙ্গে পাক ভারত বিরোধের মীমাংসার জন্য। ৭ দিন ধরে আলোচনা শেষ করে ১০ই জানুয়ারী পাক ভারত যুক্ত ঘোষণায় সই করে সমস্ত গুরুত্বপূর্ণ কাজ সাঙ্গ করে গভীর রাত্রে হঠাৎ মারা যান। ১১ই জানুয়ারী প্রধান মন্ত্রীর মৃতদেহ বিমানযোগে ভারতে আনা হয় এবং ১২ই জানুয়ারী শোকযাত্রা সহকারে মরদেহ দিল্লীর শান্তিবনে সৎকার করা হয়। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৬১ বৎসর।

তাঁহার এই আকস্মিক মৃত্যুতে সারা দেশ শোকে মুহ্যমান হয়। দেশের সমস্ত সরকারী বেসরকারী অফিস, স্কুল কলেজ ২ দিন বন্ধ থাকে। ১১ই জানুয়ারী সকালে রেডিও যোগে এই দুঃসংবাদ শোনা মাত্র সমস্ত ব্যবসা প্রতিষ্ঠান স্বতঃ প্রণোদিত হয়ে দোকান পাট বন্ধ রাখে। পৃথিবীর প্রায় সমস্ত রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান এবং বিশেষ রাষ্ট্র প্রতিনিধিগণ শোক-জ্ঞাপনের জন্য নয়াদিল্লীতে সমবেত হইয়াছিলেন।

সমস্যা জর্জ্জরিত ভারতের প্রধান-মন্ত্রীরূপে শ্রীলালবাহাদুর যে কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন তাহা ভারতের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখিত থাকিবে। মধ্যবিত্ত ঘরে জন্মলাভ করার দরুণ অল্প-কাল মধ্যেই শ্রীশাস্ত্রী আপামর জন-সাধারণের শ্রদ্ধাভাজন হইয়াছিলেন। সারা জাতি আজ আত্মীয় বিয়োগ ব্যথায় মুহ্যমান।

তাঁহার অমর আত্মা চিরশান্তি লাভ করুক—ইহাই আমাদের একান্ত প্রার্থনা।

### অনাবৃত মিষ্টান্ন ও তেলেভাজা

জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ সহরে প্রায় দোকানে এবং ফেরিওয়ালার থঞ্চায় মিষ্টান্ন, তিলখাজা, চানাচুর ও তেলেভাজা খাবার আঢাকা রাখার জন্য ঐ সব খাদ্যদ্রব্যে অসংখ্য মাছি বসে ও রাস্তার ধূলো-বালি উড়ে পড়ে। অতি সহজেই সংক্রামক রোগের বীজাণু খাবারে মিশে যাবে। বিষয়ে স্বাস্থ্য-পরিদর্শক ও মহকুমা পুলিশ অফিসার মহাশয় দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

### শুষ্ক সাহিত্য তরু



বঙ্গদেশ মহা মরু,
তাহে এই শুষ্ক তরু।

### উমেদারী



প্রার্থী—আমার দরখাস্তখানা?

কর্ত্রী—ওয়েষ্ট পেপার বাস্কেটে সযত্নে স্থান পেয়েছে।

## প্রধান মন্ত্রীর পরলোকগমনে জঙ্গিপুরে শোক

গত ১১ই জানুয়ারী মঙ্গলবার শ্রীলালবাহাদুর শাস্ত্রীর মৃত্যু-সংবাদ শোনার পরই রঘুনাথগঞ্জ, জঙ্গিপুর সহরে শোকের ছায়া নেমে আসে।

সকাল থেকেই দোকান-পাট স্বতঃস্ফূর্ত্তভাবে বন্ধ ছিল। বেলা ২টায় তাঁহার প্রতিকৃতি সহ নগ্নপদে জনসাধারণ সহর পরিক্রমা করেন।

বিকাল ৪টায় স্থানীয় সদরঘাটে এক শোক-সভার আয়োজন হয়। সভায় সর্ব্বসম্মতিক্রমে এক শোক প্রস্তাব গৃহীত হয় এবং শাস্ত্রীজীর সহধর্মিণী ললিতা দেবীকে পাঠান হয়।

## বে-আইনী পচই মদ

রঘুনাথগঞ্জের আবগারী সব-ইন্সপেক্টর মহাশয় বে-আইনী পচই মদ ও চোলাই এর সরঞ্জাম সহ নিম্নের ব্যক্তিগণকে গ্রেপ্তার করিয়াছেন।

রঘুনাথগঞ্জ থানার কুলড়ী গ্রামের শঙ্কর মণ্ডল, পিয়াসী দাসী।

রঘুনাথগঞ্জ থানার মণ্ডলপুর গ্রামের লালমোহন মাঝি, ভয়হরণ রাজবংশী, অনিল রবিদাস, সুধীর রবিদাস।

ফরক্কা থানার অর্জ্জুনপুর গ্রামের ক্ষেত্রনাথ মণ্ডল, মদন মণ্ডল।

ফরক্কা থানার সিউলী গ্রামের পটু সর্দ্দার, রায়া সর্দ্দার প্রমুখ আরও ১৬ জন মোট ১৮ জন।

সমসেরগঞ্জ থানার ধুলিয়ানের মওলাবক্স ৫ গ্রাম আফিম ও ৩০ গ্রাম গাঁজা সহ ধরা পড়িয়াছে।

## ৬১ জন বিমানযাত্রী নিহত

ক্যারিবিয়ান সাগরে কলমবিয়ার একটি ডি সি ৪ যাত্রীবাহী বিমান দুর্ঘটনার পরে ৬১ জনকে নিখোঁজ বলে ঘোষণা করা হয়। এঁরা সবাই নিহত হয়েছেন বলে মনে হয়। ৬১ জনের মধ্যে ২ জন শিশুও আছে। সমুদ্রে আধ ঘণ্টা ভেসে থাকার পরে বিমানটি উপকূল থেকে ২ কিলোমিটার দূরে সমুদ্রগর্ভে নিমজ্জিত হয়।

## সাহসী ভারতবাসী

॥ সু-মো-দে ॥

সাহসী ভারতবাসী  
দেশ রক্ষায় প্রাণ বলি দিব  
সবাই মরিব হাসি।  
রাখিব আজাদী নতুবা মরণ  
সঙ্কটকালে এই দৃঢ় পণ,  
ভারত হইতে বৈরী তাড়াব  
মমতা ভীরুতা নাশি  
সাহসী ভারতবাসী।  
ভারত জোয়ান জাতির প্রতীক  
অমিত বীর্য্য বীর নির্ভীক,  
শত্রু নিধনে মহাকাল সম  
বীরত্ব রাশি।  
সাহসী ভারতবাসী ॥

## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

২০৫। ৬৫ অন্ন

বাদী—আনেশ সেখ দিং সাং নবাবজায়গীর ডিং রঘু থগঞ্জ।

বিবাদী—মেহের সেখ দিং সাং নবাবজায়গীর ডিং রঘুনাথগঞ্জ।

এতদ্দ্বারা ৮নং বিবাদী আসরফ মণ্ডল ও ৯নং বিবাদী সিদ্দিক মণ্ডল এবং সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যায় যে থানা রঘুনাথগঞ্জের অন্তর্গত মৌজা জোতসুন্দর মধ্যে ২৭৪নং খতিয়ানের ১৫নং দাগের ৭৩ শতক মধ্যে পূর্ব্বাংশ ৩৩॥০ শতক সম্পত্তির স্বত্ব থাকা সাব্যস্তে চিরস্থায়ী নিষেধ আজ্ঞার দাবীতে উপরোক্ত নম্বরে বাদী মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। তাহাতে আপনাদের কোন জবাব থাকিলে অত্র আদালতে ২০/১ জনৈক উকিল দ্বারা দর্শাইবেন। সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল।

By Order of the Court  
B. B. Ghosh  
Sharistadar, Munsif's  
1st. Court, Jangipur.

## নোটীশ

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

মোঃ নং ৩১৪। ১৯৬৪ অন্ন

বাদী—১। বলরাম সরকার পিতা ৺রামকানাই সরকার ২। বিমলারাণী সরকার ৩। যতীন্দ্রনাথ সরকার হাল মোঃ মোমিনটোলা থানা রঘুনাথগঞ্জ চৌকি জঙ্গিপুর। বনাম

বিবাদী—১। তৈয়ব আলি মুন্সী ২। সাবিরুদ্দিন মুন্সী ৩। আবদুল গোফুর বিশ্বাস ৪। মোঃ আবদুল জলিল ৫। মহম্মদ নুহু ৬। সেকেন্দার আলি বিশ্বাস ৭। মহম্মদ মহসীন পিতা আবদুল গোফুর ৮। সুন্দরী বিবি স্বামী সাহজাহান বিশ্বাস ১-২-৪ নাঃ ৮নং সাং বড়িয়া থানা সিংড়া চৌকী নাটোর জেলা রাজসাহী ৩নং সাং সিংড়া থানা সিংড়া রাজসাহী পূর্ব্ব পাকিস্থান।

এতদ্দ্বারা আপনাদিগকে জানান যায় যে উপরোক্ত বাদীগণ আপনাদের বিরুদ্ধে বাবত ইং ১৩-৬-৬৪ তারিখের Exchange deed এর আর্জির বর্ণিত তপশীল সংশোধনান্তে তাহাতে খাস দখল তদন্যথায় ক্ষতিপূরণ প্রাপণ এর ১৬৫০৲ টাকা দাবীতে নালিশ দায়ের করিয়াছেন ও অন্তবর্ত্তী-কালীন স্থাবর সম্পত্তি অগ্রিম ক্রোকের প্রার্থনা করিয়াছেন, এমতে আপনাদের উক্ত মোকদ্দমা ও অগ্রিম ক্রোক সম্বন্ধে কোন আপত্তি ও জবাব থাকে তবে আগামী ১৯৬৬ সালের ৩১/১ তারিখে জবাব ও আপত্তি দিবেন অন্যথায় একতরফা শুনানী হইবে।

By Order of the Court  
B. B. Ghosh  
Sharistadar, Munsif's  
1st. Court, Jangipur.

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**




**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )